[redacted]

[redacted]

মেহেরপুরে অভিবাসী দিবস উপলক্ষে আলোচনা সভা ও সম্মাননা প্রদান

মেহেরপুরে আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২১ উপলক্ষে আলোচনা সভা ও সম্মাননা প্রদান করা হয়েছে। আজ শনিবার দুপুর ১২ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও সম্মাননা প্রদান করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন,অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, টিটিসি’র অধ্যক্ষ আরিফ আহমেদ তালুকদার, ফজলুর রহমান, ইসলামী ব্যাংকের প্রতিনিধি আবু বক্কর সিদ্দিক সহ প্রমুখ।

আলোচনা সভার পর অধিক পরিমাণ রেমিটেন্স পাঠানোই মানিক হোসেন, রোকেয়া খাতুন এবং ইসলামী ব্যাংক জেলা শাখাকে সম্মাননা প্রদান করা হয়।

এর আগে অভিবাসী দিবস উপলক্ষে একটি র্যালী বের করা হয়। র্যালীটি পাবলিক লাইব্রেরীর সামনে থেকে শুরু হয়ে মেহেরপুর জেলা প্রশাসনের চত্বরে গিয়ে শেষ হয়।

দর্শনায় আলোচিত ইয়াবা সম্রাট শাহজান খোড়া গ্রেফতার

দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী বিশেষ অভিযানে দর্শনা আকন্দবাড়িয়ার আলোচিত ইয়াবা সম্রাট শাহজান খোড়া (৪৭) কে গ্রেফতার করেছে। সেই সাথে গ্রেফতারকৃত আসামীর দখল হতে উদ্ধার করা

হয়েছে মাদকদ্রব্য ইয়াবা।

পুলিশ জানায়, শুক্রবার সন্ধ্যা সোয়া ৭টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ, এম লুৎফুল কবীরের নেতৃত্বে থানার এসআই মাসুদ রানা, এএসআই আনোয়ারুল হক, এএসআই শাহিন আলম, এএসআই কাজী আব্দুল মান্নান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়ীয়া গ্রামে পরিচালনা করে।

এসময় ২২ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ এলাকার আলোচিত ইয়াবা সম্রাট শাহজাহান আলী ওরফে শাহজান খোড়াকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আসামী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া গ্রামের মাঝপাড়ার
মৃত আব্দুল কাদেরের ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা কেরুজ চিনিকলের সিডিএ ও সিআইসিদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত

দর্শনা কেরুজ চিনিকলের সিডিএ ও সিআইসিদের সাথে মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার দুপুরে দর্শনা কেরুজ ট্রেনিং কমপ্লেক্সে চিনিকলের সিডিএ,সিআইসিদের সাথে অনুষ্ঠিত হয়।

কেরুজ ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি থেকে মতবিনিময় করেন, ঢাকা বি,এস,এফ,আই,সি’র প্রধান সিপিই, ও প্রধান টিএস এর দায়িত্বে অতিরিক্ত কৃষিবিদ দিলীপ কুমার সরকার। আলোচনায়, দর্শনা কেরুজ চিনিকলে চলতি ২০২১-২০২২ মাড়াই মৌসুমের প্রক্কালে পরিস্কার পরিচ্ছন্ন ও সবুজ ডগামুক্ত আখ সরবরাহ করা এবং ২০২১-২০২২ রোপন

মৌসুমে আখ রোপন অগ্রগতি, একর প্রতি ফলন বৃদ্ধি ও লখ্যমাত্রা অর্জনের লক্ষে সিডিএ ও সিআইসিদের সাথে মতবিনিময় করা হয়েছে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মহা-ব্যবস্হাপক (কৃষি) গিয়াস উদ্দিন, কেরু’র শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহামেদ সবুজ, সাধারন সম্পাদক মাসুদুর রহমান, উপ-ব্যবস্থাপক (সম্প্রঃ) আব্দুর রউফ, ব্যবস্থাপক (বীজঃ পঃ কৃষি তত্ব) দেলোয়ার হোসেন, সিপিও মাহাবুবুর রহমান সহ সকল সাবজোন প্রধান ও সকল সাবজোনের সিডিএ, সিআইসিগণ।

শৈলকুপায় সন্ত্রাসী হামলায় আহত ২

শৈলকুপায় সন্ত্রাসীরা কুপিয়ে আহত করলো স্বপন ও রাব্বি নামের দুই ব্যক্তিকে। শুক্রবার সন্ধ্যায় শৈলকুপা উপজেলা হাসপাতালের সামনে চায়ের দোকানে কবিরপুর গ্রামের স্বপন (৩৫) রাব্বি (৩০) নামের দুই ব্যক্তি বসে চা খাচ্ছিল।

তখন ১০/১৫ জনের একটি সন্ত্রাসী দল রামদা, চাইনিজ কুড়াল নিয়ে তাদের কে হত্যার উদেশ্যে ধাওয়া করে। এসময় তারা দৌড়ে হাসপাতালের মধ্যে পালানোর চেষ্টা করলে হাসপাতালের মধ্যে সন্ত্রাসীরা তাদের কে কুপিয়ে গুরুত্বর আহত করে এবং ২টা মটরসাইকেল ভাংচুর করে।

আহত ব্যক্তিদের শৈলকুপা হাসপালে চিকিৎসার জন্য ভর্তি করলে কতব্যরত চিকিৎসক স্বপন নামের এক ব্যক্তিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফাড করে।

এব্যাপারে শৈলকুপা থানার ওসি তদন্ত মহাসিন হোসাইন জানান, বর্তমানে পরিস্থিতি পুলিশের নিয়ন্ত্রনে রয়েছে।

স্বেচ্ছাসেবী সংগঠন পরিবর্তনের মেহেরপুর এর উদ্যোগে মিনি ম্যারাথন অনুষ্ঠিত

“প্রতিহিংসা দূরে রাখি ভালোবাসার সমাজ গড়ি” “সুস্থ শরীর সুস্থ মন” এই শ্লোগানকে সামনে রেখে, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে স্বেচ্ছাসেবী সংগঠন পরিবর্তনের মেহেরপুর এর আয়োজনে মিনি ম্যারাথন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি নীলকুটি থেকে ম্যারাথন শুরু হয়ে ঐতিহাসিক মুজিবনগর স্মৃতিসৌধ গিয়ে শেষ হয়। এই মিনি ম্যারাথনে বিভিন্ন জেলার ১২৫ জন অংশগ্রহণ করে।

আমঝুপি নীলকুঠি হতে বাইপাস সড়ক হয়ে প্রায় ২১ কিঃমিঃ পাড়ি দিয়ে ৮০ জন মুজিবনগর স্মৃতিসৌধের গন্তব্যে পৌঁছান। ম্যারাথনে প্রথম হন ঝিনাইদহ জেলার শাকিল আহমেদ, দ্বিতীয় মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের লিটন হোসেন, তৃতীয় হয়েছেন গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আবু সাঈদ।

ম্যারাথন শেষে মুজিবনগর স্মৃতিসৌধ প্রাঙ্গণে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এবং মুজিবনগর থানার ইনচার্জ মেহেদি রাসেল। এসময় উপস্থিত ছিলেন পরিবর্তনের মেহেরপুরের আহ্বায়ক শাহাবুদ্দিন শেখ, আসিফ আজিম লিটন। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন স্বেচ্ছাসেবী সংগঠন আমঝুপি শিশু- কিশোর সংগঠনের প্রধান উপদেষ্টা আসাদুজ্জামান লিটন।

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনে সারা বাংলা ৮৮ বন্ধু মিলন মেলা

আলমডাঙ্গায় বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে দিন ব্যাপি ‘সারা বাংলা

৮৮ চুয়াডাঙ্গা জেলা’ প্যানেলের আয়োজনে বন্ধুদের নিয়ে মিলন মেলা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১০ টায় আলমডাঙ্গার মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রাঙ্গণ অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। এসময় মাধ্যমিক বালিকা বিদ্যালয় থেকে আনন্দ র্যালী বের হয়ে আলমডাঙ্গা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

র্যালী শেষে সারা বাংলা সাংস্কৃতিক ফোরামের কো-অর্ডিনেটর এমদাদ হোসেনের উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন জেলা জয়েন্ট কো- অর্ডিনেটর চঞ্চল মাহমুদ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর, আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম, বন্ধু ৮৮ প্যানেলের জেলা জয়েন্ট কো-অর্ডিনেটর শামস আবীর, জীবননগর উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান মাহবুবুর রহমান বাবু, মডারেটর লাবল্য মারু, জেলা কো-অডিনেটর, ডাক্তার সাঈদ মেহবুব উল কাদির, আলমডাঙ্গা বণিক সমিতির সেক্রেটারি কামাল হোসেন, আনোয়ার হোসেন, নাসিম ফরহাদ, মিজানুর রহমান, নাসির উদ্দিন এটম, সহযোগী অধ্যাপক গোলাম মুজতবা, শারমিন দিলারা প্রমূখ।

অনুষ্ঠান শেষে ৮৮ বন্ধু প্যানেলের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে পুরস্কার বিতরণ করা হয়। এছাড়াও বন্ধুদের মধ্যে র্যাফেল ড্র অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুরে সড়ক দূর্ঘটনায় স্বাস্থ্যকমপ্লেক্সের মেডিকেল অফিসার আহত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার দিপক কুমার পাল বিজয় দিবসের অনুষ্ঠানে যোগ দিতে গিয়ে সড়ক দূর্ঘটনায় গুরতর আহত হয়েছেন।

গত বৃহস্পতিবার বিকালে হাসপাতাল সড়কের ব্রীজ ঘাট এলাকায় তিনি দূর্ঘটনার শিকার হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে তাকে উন্নত চিকিৎসার জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠান কর্তব্যরত চিকিৎসক ডাঃ শিরিন সুলতানা।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ জানান, উপজেলার জয়দিয়া স্বাস্থ্য কেন্দ্রের ইনচার্জ মেডিকেল অফিসার দিপক কুমার পাল স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর শপথ অনুষ্ঠানে যোগ দিতে মোটরসাইকেল যোগে রওনা হন। পথিমধ্যে একটি চার্জার রিক্সার সঙ্গে দিপকের সংঘর্ষ হয়। এসময় তিনি সড়কের উপরে ছিটকে পড়ে মাথায় গুরতর আঘাত পান।

মেডিকেল অফিসার দিপকের আহত হওয়ার ঘটনায় তার সুস্থ্যতা কামনা করেছেন চিকিৎসক, নার্স, সহকর্মী সহ হাসপাতালের কর্মকর্তা- কর্মচারিরা।

ঝিনাইদহ প্রেসক্লাবের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটিকে সম্মাননা প্রদান

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ঝিনাইদহ প্রেসক্লাবের নবনির্বাচিত কার্যনিবার্হী কমিটিকে সম্মাননা প্রদান করেন অংকুর নাট্য একাডেমি। ১৬ডিসেম্বর বৃহস্পতিবার রাত ৮টায় প্রেসক্লাব মিলনায়তনে এই সংবর্ধনা প্রদান করা হয়। বাংলাদেশ সাংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সহযোগীতায় ঝিনাইদহের ঐতিহ্যবাহী অংকুর নাট্য একাডেমির আয়োজনে এই সংবর্ধনা প্রদান করাহয়।

অংকুরের সভাপতি মোঃ মসলেম উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বেসরকারী সংস্থা সিও’র নির্বাহী পরিচালক সামছুল আলম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান

টিপু, যুব মহিলালীগের সাধারণ সম্পাদক এ্যাড. সালমা ইয়াসমিন, অংকুরের সহ-সভাপতি জয়নাল আবেদিন, সাধারণ সম্পাদক নাজিমুদ্দীন জুলিয়াস প্রমূখ।

আলোচনা শেষে ঝিনাইদহ প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১৭জনের হাতে সম্মাননা স্মারক তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি। এছাড়া বিজয়ের সুবর্ণ জযন্তী উৎসব ও মুজিববর্ষ উপলক্ষে অংকুরের আয়োজনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

মেহেরপুরে ফ্রি চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষ্যে ফ্রি চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়েছে। বৃহস্পতিবার ATC AIR TICKETING এর সৌজন্যে চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়।

অরিক আহম্মেদ এর পরিচালায় মেহেরপুর নিমতলা বাসষ্ট্যান্ডে আব্দুল্লাহ প্লাজায় ATC AIR TICKETING অফিস কক্ষে দিনব্যাপী চক্ষু ক্যাম্পে রোগী দেখেন ডাঃ মোঃ শামসুর রহমান ও ডাঃ মোঃ মাহাবুবুর রহমান।

চক্ষু ও মাথা ব্যাথা রোগীদের চিকিৎসাসেবা, ১-৫ বছরের বাচ্চাদের বিনামুল্যে ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো এবং বিনামুল্যে চক্ষু ঔষধ প্রদান করা হয়।